

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।

২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, খুলনার নেতৃত্বে ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের উপর পর্যালোচনা সংক্রান্ত বিভাগীয় নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র কার্যালয় এর নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

০১।	জনাব রবিউল হক সহকারী মহাব্যবস্থাপক বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।	সভাপতি
০২।	জনাব রনজিদা খানম উর্ধ্বতন কর্মকর্তা বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।	সদস্য
০৩।	জনাব আছমা বানু কর্মকর্তা বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।	সদস্য
০৪।	জনাব সাবিনা ইয়াসমিন কর্মকর্তা বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।	সদস্য সচিব


০২। অত্র কার্যালয়ের সভাপতি বিকেবি, বিভাগীয় কার্যালয়ের সভাপতি মহোদয় এবং উপস্থিত সকলকে সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই অত্র কার্যালয়ের নৈতিকতা কমিটির সভাপতি জনাব কল্যান কুমার অধিকারী (সহকারী মহাব্যবস্থাপক) বিগত ০৯/০১/২০২২ তারিখে বদলী জনিত কারণে সভাপতির পদ শূন্য হওয়ায় নতুন করে সভাপতি নিয়োগের মাধ্যমে ০৪ জন সদস্যদের নিয়ে কমিটি গঠন করা হয়। সভাপতি হিসেবে জনাব রবিউল হক (সহকারী মহাব্যবস্থাপক) কে নিয়ে পুনরায় বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের নৈতিকতা কমিটির সভা পুনর্গঠন করা হয়। সভাপতি মহোদয় তার বক্তব্যে অত্র বক্তব্যে অত্র ব্যাংকের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, সরকার ও ব্যাংকের বিধি-বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, সততা ইত্যাদি বিষয়ে সভাপতি আলোচনা করেন।


০৩। সদস্য সচিব ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ০৭/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং এর যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য আহ্বান জানান।


০৪। সভায় বিভাগের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-


- পুনর্গঠিত বিভাগীয় নৈতিকতা কমিটির কার্যালয় আদেশ ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।
- মার্চ, ২০২১ এবং জুন, ২০২১ সময়কালের ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।
- ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাগে আপলোড করতে হবে।
- ব্যাংকের নিয়মনীতি সততার সাথে মেনে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের অর্থই হরো শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং নৈতিক

০৫। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সাবিনা ইয়াসমিন)
কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় নিরীক্ষা
কার্যালয়, খুলনা
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি, খুলনা।


(আছমা বানু)
কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় নিরীক্ষা
কার্যালয়, খুলনা
ও
সদস্য
নৈতিকতা কমিটি, খুলনা।


(রনজিদা খানম)
উর্ধ্বতন কর্মকর্তা
বিকেবি, বিভাগীয় নিরীক্ষা
কার্যালয়, খুলনা
ও
সদস্য
নৈতিকতা কমিটি, খুলনা।


(রবিউল হক)
সহকারী মহাব্যবস্থাপক
বিকেবি, বিভাগীয় নিরীক্ষা
কার্যালয়, খুলনা
ও
সদস্য
নৈতিকতা কমিটি, খুলনা।